

হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৮৯২

১৯/ ফিতনা

পরিচ্ছেদঃ যুগের মানুষ খারাপ হলে অথবা ধর্মীয় ব্যাপারে ফিতনার আশঙ্কা হলে অথবা হারাম ও সন্দিহান জিনিসে পতিত হওয়ার ভয় হলে অথবা অনুরূপ কোন কারণে নির্জনতা অবলম্বন করা উত্তম।

আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ : قَالَ رَجُلٌ : أَيُّ النَّاسِ أَفْضَلُ يَا رَسُولَ اللَّهِ ؟ قَالَ الْمُؤْمِنُ مُجَاهِدٌ بِنَفْسِهِ وَمَالِهِ فِي سَبِيلِ اللَّهِ قَالَ : ثُمَّ مَنْ ؟ قَالَتْ رَجُلٌ مُعْتَزِلٌ فِي شُعْبٍ مِنَ الشُّعَابِ يَعْبُدُ رَبَّهُ وَفِي رِوَايَةٍ يَتَّقِي اللَّهَ وَيَدْعُ النَّاسَ مِنْ شَرِّهِ مُتَفَقُّ عَلَيْهِ

বাংলা

(১৮৯২) আবু সাঈদ খুদরী (রাঃ) বলেন, এক ব্যক্তি জিজ্ঞাসা করল, 'হে আল্লাহর রসূল! কোন্ ব্যক্তি সর্বোত্তম?' তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম), 'ঐ মু'মিন যে আল্লাহর পথে তার জান ও মাল দিয়ে যুদ্ধ করে। সে বলল, 'তারপর কে?' তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম), 'তারপর ঐ ব্যক্তি যে কোন গিরিপথে নির্জনে নিজ প্রতিপালকের ইবাদত করে।

অন্য এক বর্ণনায় আছে, যে আল্লাহকে ভয় করে এবং লোকেদেরকে নিজের মন্দ আচরণ থেকে নিরাপদে রাখে।

ফুটনোট

(বুখারী ২৭৮৬, ৬৪৯৪, মুসলিম ৪৯৯৪-৪৯৯৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবু সাঈদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=65640>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন